



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আইকিউএসি আয়োজিত কর্মশালা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৩ নভেম্বর ২০২৩।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) এর আয়োজনে অনুষ্ঠিত হয়েছে একটি প্রশিক্ষণ কর্মশালা। ২৩ নভেম্বর ২০২৩ তারিখ সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে “Integration of Technology in Teaching-Learning Process Inaugural Session” বিষয়ের উপর এ কর্মশালার আয়োজন করা হয়। বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রুটিন দায়িত্ব) প্রফেসর ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) এর সম্মানিত সদস্য প্রফেসর ড. মো. সাজ্জাদ হোসেন। এসময় প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর ড. সাজ্জাদ হোসেন বলেন, প্রযুক্তিগত শিক্ষা ব্যবস্থায় উদ্ভাবন একটি গুরুত্বপূর্ণ বিষয়। উদ্ভাবনী শিক্ষা ব্যবস্থা বিনির্মাণে শিক্ষকদেরকে মূখ্য ভূমিকা পালন করতে হবে। এক্ষেত্রে তাঁদের প্রশিক্ষণের কোন বিকল্প নেই। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে স্মার্ট সিটিজেন তৈরি করতে হবে। আর এক্ষেত্রে বিশ্ববিদ্যালয়গুলোকেই অগ্রণী ভূমিকা রাখতে হবে। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. মুহসিন উদ্দীন। অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পিরোজপুর এর উপাচার্য প্রফেসর ড. কাজী সাইফুদ্দীন এবং বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি আরিফ হোসেন। আইকিউএসির অতিরিক্ত পরিচালক ড. তাজিজুর রহমানের সঞ্চালনায় উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, প্রভোস্ট, প্রক্টর, পরিচালক, দপ্তর প্রধানসহ শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। দিনব্যাপী আয়োজিত এ প্রশিক্ষণ কর্মশালায় তথ্যজ্ঞ ব্যক্তি হিসেবে প্রশিক্ষণ পরিচালনা করেন নেটওয়ার্কিং এন্ড আইটি অফিসের পরিচালক ও কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহযোগী অধ্যাপক রাহাত হোসেন ফয়সাল। কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের ২৫টি বিভাগের বিভাগীয় প্রধানগণ প্রশিক্ষণ গ্রহণ করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস